**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
**www.lged.gov.bd**

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.১৪.০০১.২৩-৪২ তারিখ: ০৩/০২/২০২৬ইং

প্রতি,

১। প্রকল্প পরিচালক (সকল)
..............................
এলজিইডি সদর দপ্তর, ঢাকা।

২। নির্বাহী প্রকৌশলী (সকল)
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
জেলা: .......................।

৩। উপজেলা প্রকৌশলী (সকল)
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
...............উপজেলা: জেলা: ..................।

বিষয়: **স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন চুক্তি ব্যবস্থাপনার ক্ষেত্রে ইলেকট্রনিক চুক্তি ব্যবস্থাপনা পদ্ধতি (e-CMS) এবং iBASS++ System এর ব্যবহার প্রসঙ্গে।**

সূত্র: ১। এলজিইডির স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.১৪.০০১.২৩-৩১২, তারিখ: ১২-১১-২০২৫ইং।
২। এলজিইডির স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.১৪.০০১.২৩-৩৭৩, তারিখ: ২৪-১২-২০২৫ইং।
৩। ২১ ডিসেম্বর ২০২৫ তারিখে বিপিপিএ এর কোর কমিটির সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এলজিইডি'র জেলা পর্যায়ের সকল ক্রয়কারীকে সূত্রস্থ (১) নং স্মারক মূলে ২০২৫-২০২৬ অর্থ বছরের স্বাক্ষরিত চুক্তিসমূহের মধ্যে কমপক্ষে ১০% (তবে ২০টির কম নয়) সংখ্যক চুক্তির পাওনাদি পরিশোধসহ চুক্তি ব্যবস্থাপনার যাবতীয় কার্যক্রম এবং সূত্রস্থ (২) নং স্মারক মূলে সদর দপ্তর পর্যায়ের সকল ক্রয়কারীকে তাদের অধীনস্থ চুক্তিসমূহের পাওনাদি পরিশোধসহ চুক্তি ব্যবস্থাপনার যাবতীয় কার্যক্রম আবশ্যিকভাবে ইজিপি সিস্টেমে চুক্তি ব্যবস্থাপনা পদ্ধতি (e-CMS) ব্যবহারের মাধ্যমে সম্পন্ন করার নির্দেশনা প্রদান করা হয়েছে।

সম্প্রতি বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ) এর কোর কমিটির সভাতে **আগামী ৩০জুন ২০২৬ এর মধ্যে LGED এর সকল ক্রয়কারীকে তাদের অধীনস্থ চুক্তিসমূহের মধ্যে নূন্যতম ২০টি চুক্তির সম্পূর্ণ বিল এবং ঢাকা মহানগরীর মধ্যে অবস্থিত LGED সকল ক্রয়কারীকে তাদের অধীনস্থ চুক্তিসমূহের সকল বিল iBASS++ System এর মাধ্যমে পরিশোধ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।**

এমতাবস্থায়, এলজিইডির আওতাধীন সকল ক্রয়কারীকে ইজিপি সিস্টেমের e-CMS Module এবং iBASS++ System এর মাধ্যমে উপরিউক্ত নির্দেশনার আলোকে বিল পরিশোধ করার জন্য বলা হলো। e-CMS ব্যবহারের মাধ্যমে চুক্তি ব্যবস্থাপনার অগ্রগতি প্রতিবেদন পূর্বের ন্যায় প্রতি মাসের ১ম সপ্তাহের মধ্যে নিম্নে উল্লিখিত ছক মোতাবেক প্রকিউরমেন্ট ইউনিট বরাবর হার্ড কপি এবং ইমেইল (procurement@lged.gov.bd) যোগে সফট কপি বাধ্যতামূলকভাবে প্রেরণের জন্য সকল জেলা পর্যায়ের ক্রয়কারীগণকে অনুরোধ করা হলো।

**(অঃপৃঃদ্রঃ)**

**Information of Contracts Managed in e-CMS Module**

| Sl. No. | PE Name | PE Office Name | No. of contracts executed through the e-GP system in the FY: 2025-2026 | No. of contracts being managed through e-CMS | No. of payments made using e-CMS & iBASS++ System |
|---|---|---|---|---|---|
| | | | | | |

৩/২/২৬

**(মোঃ বেলাল হোসেন)**
প্রধান প্রকৌশলী (রুটিন দায়িত্ব)
ফোন: ০২-৫৫০০৭২৪৮
ই-মেইল: ce@lged.gov.bd

অনুলিপি:

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, বিপিপিএ, আইএমইডি, শেরেবাংলা নগর, ঢাকা।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/বিভাগ।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/অঞ্চল।
৪। অফিস কপি।

AE-2
Pls take n/a
M.M.Khan
21/01/2024


পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ)
বিপিপিএ ভবন,শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bppa.gov.bd


**বিষয়: iBAS++ এবং ই-জিপি (e-GP) সিস্টেমের মধ্যে আন্তঃসংযোগ স্থাপনের মাধ্যমে ইলেক্ট্রনিক চুক্তি ব্যবস্থাপনা (e-CMS) বাস্তবায়ন।**

**সভার তারিখ ও স্থান:** ২১ ডিসেম্বর, ২০২৫ খ্রি. ও বিপিপিএ সম্মেলন কক্ষ। **সময়:** দুপুর ০৩:০০ টা।

**সভাপতি:** জনাব এস. এম. মঈন উদ্দীন আহমেদ, প্রধান নির্বাহী কর্মকর্তা (সচিব), বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ), আইএমইডি, পরিকল্পনা মন্ত্রনালয়।

**সভার সূচনা:** বিপিপিএ -এর প্রধান নির্বাহী কর্মকর্তা (সচিব) ও সভার সভাপতি উপস্থিত সকলকে অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং iBAS++ ও ই-জিপি (e-GP) সিস্টেমের মধ্যে আন্তঃসংযোগ স্থাপনের মাধ্যমে ইলেকট্রনিক চুক্তি ব্যবস্থাপনা (e-CMS) বাস্তবায়ন সম্পর্কে আলোচনার জন্য উপস্থিত সকল সদস্যকে অনুরোধ করেন।

**বিষয়ভিত্তিক পর্যালোচনা:** আলোচনার শুরুতে iBAS++ এবং ই-জিপি (e-GP) সিস্টেমের মধ্যে আন্তঃসংযোগ স্থাপনের মাধ্যমে ইলেকট্রনিক চুক্তি ব্যবস্থাপনা (e-CMS) বাস্তবায়নের অগ্রগতি উপস্থাপন করা হয়। উক্ত উপস্থাপনার ভিত্তিতে সভায় বিপিপিএসহ উপস্থিত বিভিন্ন সংস্থার প্রতিনিধিগণ তাঁদের মতামত প্রকাশ করেন ও বিস্তারিত আলোচনা করেন। নিম্নে বর্ণিত আলোচনার মাধ্যমে সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

**সভার আলোচনা ও সিদ্ধান্ত:**

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১ | ইলেকট্রনিক চুক্তি ব্যবস্থাপনা (e-CMS) মডিউল এবং iBAS++ এর মাধ্যমে বিল পরিশোধ সংক্রান্ত বিষয়ে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডসহ অন্যান্য স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের নিজস্ব হিসাব ব্যবস্থাপনার সাথে iBAS++-এর সমন্বয় সাধনের লক্ষ্যে সিস্টেম ডেভেলপমেন্টের বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডসহ অন্যান্য স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের নিজস্ব হিসাব ব্যবস্থাপনার সাথে iBAS++-এর সমন্বয়সাধনের লক্ষ্যে কারিগরি পর্যায়ে সভা করে iBAS++ টিম কর্তৃক সিস্টেম ডেভেলপমেন্টের কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | e-GP এবং iBAS++ টিম। |
| ২ | ইলেকট্রনিক চুক্তি ব্যবস্থাপনা (e-CMS) মডিউল এবং iBAS++ এর মাধ্যমে ৪টি প্রতিষ্ঠান স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (LGED), সড়ক ও জনপদ অধিদপ্তর (RHD), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (DPHE) ও গণপূর্ত অধিদপ্তর (PWD)-এর বিল পরিশোধ এবং e-CMS মডিউলের ওপর প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। | (ক) LGED, RHD, DPHE ও PWD-কে ৩০ জুন, ২০২৬ খ্রি. -এর মধ্যে তাঁদের অধীন প্রত্যেক PE ন্যূনতম ২০ টি চুক্তির সম্পূর্ণ বিল iBAS++-এর মাধ্যমে পরিশোধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।<br>(খ) উক্ত ৪ টি প্রতিষ্ঠানের ঢাকা মহানগরে অবস্থিত অফিসের শতভাগ বিল iBAS++-এর মাধ্যমে পরিশোধ করার প্রচেষ্টা গ্রহণ করবে।<br>(গ) সভায় উপস্থিত ক্রয়কারী প্রতিষ্ঠানগুলো ইলেকট্রনিক চুক্তিব্যবস্থাপনা (e-CMS) মডিউল সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন করবে। | LGED, RHD, DPHE ও PWD |
| ৩ | ইলেকট্রনিক চুক্তিব্যবস্থাপনা (e-CMS) মডিউল এবং iBAS++-এর মাধ্যমে বিল প্রদানের ক্ষেত্রে একই তথ্য e-CMS ও iBAS++ উভয় সিস্টেমে এন্ট্রির বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। | একই তথ্য e-CMS ও iBAS++ উভয় সিস্টেমে অথবা একাধিকবার এন্ট্রি না দিয়ে যে-কোনো একটি সিস্টেমে একবার এন্ট্রি প্রদান করার পর একই তথ্য যেন দ্বিতীয়বার এন্ট্রি করতে না হয় সেভাবে সিস্টেম উন্নয়ন করতে হবে। | e-GP এবং iBAS++ টিম। |

| | | | |
|---|---|---|---|
| ৪ | ই-জিপি (e-GP) সিস্টেম ও Budget Implementation Plan (BIP)-এর সাথে Annual Procurement Plan (APP)-এর সমন্বয়সাধন এবং e-GP সিস্টেমে "Budget and Accounting Classification System (BACS)"-এর Economic Code সংযোজনের বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। | (ক) e-GP সিস্টেমে BACS-এর Economic Code সংযোজনের উদ্যোগ অব্যাহত রাখতে হবে। এলক্ষ্যে BACS-এর ম্যানুয়াল পর্যালোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) e-GP সিস্টেমে BIP এবং APP-এর সমন্বয় সাধনের লক্ষ্যে গঠিত কমিটির কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | e-GP এবং iBAS++ টিম। |
| ৫ | iBAS++ সিস্টেমে ১০% -এর বেশি Retention Money কর্তনের অপশন নেই। পিপিআর, ২০২৫ অনুযায়ী Front loading-এর ক্ষেত্রে সর্বোচ্চ ২০% Retention Money কর্তনের অপশন iBAS++-এর ভিন্ন সাব মেন্যুতে রাখতে হবে। | Front Loading-এর ক্ষেত্রে iBAS++ সিস্টেমের মাধ্যমে সর্বোচ্চ ২০% Retention Money কর্তনের অপশন রাখার লক্ষ্যে iBAS++ সিস্টেমে একটি সাব মেনু তৈরির বিষয়ে iBAS++ ও e-GP সিস্টেমের কারিগরি টিম প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। | iBAS++<br>ও<br>e-GP টিম |

০৮/০৭/২৫

**এস. এম. মঈন উদ্দীন আহমেদ**
প্রধান নির্বাহী কর্মকর্তা (সচিব)
ও
সভাপতি (Core কমিটি)
বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.১৪.০০১.২৩-৬৭৬ তারিখ: ২৪/১২/২০২৫ খ্রি:

প্রতি

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল ইউনিট)
........................................
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।

২। প্রকল্প পরিচালক (সকল)
........................................
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।

বিষয়: **স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের সদর দপ্তর হতে আহবানকৃত সকল দরপত্রের (RFQ সহ) চুক্তি ব্যবস্থাপনার ক্ষেত্রে ইলেকট্রনিক চুক্তি ব্যবস্থাপনা পদ্ধতি (e-CMS) এর ব্যবহার প্রসঙ্গে।**

সূত্র: আধা সরকারি পত্র নং-২১.০০.০০০০.৩৯১.০৭.১৩০.২২(অংশ-১)-৭৯৩/৫, তারিখ: ১১-০৯-২০২৫ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পিপিআর-২০২৫ এবং Electronic Government Procurement (e-GP) Guidelines 2025 অনুযায়ী ই-জিপি পোর্টালে প্রক্রিয়াযোগ্য সকল সরকারি ক্রয় ইলেকট্রনিক পরিচালন পদ্ধতিতে সম্পন্ন করার বিষয়টি বাধ্যতামূলক করা হয়েছে। বর্তমানে ই-জিপি সিস্টেমে ইলেকট্রনিক চুক্তি ব্যবস্থাপনা (e-CMS) মডিউল ব্যবহারের মাধ্যমে চুক্তি ব্যবস্থাপনার পদ্ধতি চলমান রয়েছে। ইতোমধ্যে e-CMS মডিউলের সাথে iBASS++ এর ইন্টিগ্রেশন সম্পন্ন হয়েছে। e-CMS মডিউল ব্যবহার করে পণ্য ও কার্য ক্রয়ের ক্ষেত্রে চুক্তি ব্যবস্থাপনার পাশাপাশি iBASS++ এর মাধ্যমে ঠিকাদারের বিল পরিশোধের কার্যক্রম গ্রহণ করা অত্যন্ত জরুরি।

এমতাবস্থায়, এলজিইডি'র সদর দপ্তর পর্যায়ের সকল ক্রয়কারীকে পণ্য ও কার্য ক্রয়চুক্তির সকল পাওনাদি পরিশোধসহ (iBASS++ এর মাধ্যমে) চুক্তি ব্যবস্থাপনার যাবতীয় কার্যক্রম আবশ্যিকভাবে e-CMS এর মাধ্যমে সম্পন্ন করার নির্দেশনা প্রদান করা হলো। উক্ত কার্যক্রমে কোনরূপ সহযোগিতার প্রয়োজন হলে প্রকিউরমেন্ট ইউনিট, এলজিইডি, সদর দপ্তরের সাথে যোগাযোগ করা যেতে পারে। চুক্তি ব্যবস্থাপনার অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসের ১ম সপ্তাহের মধ্যে নিম্নেউল্লিখিত ছক মোতাবেক প্রকিউরমেন্ট ইউনিটে প্রতিবেদনের হার্ড কপি এবং ইমেইল (procurement@lged.gov.bd) যোগে সফট কপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

**Information of Contracts Managed in e-CMS Module**

| Sl. No. | PE Office Name | PE Name | No. of contracts executed through the e-GP system in the FY: 2025-2026 | No. of payments made using e-CMS & iBASS++ System |
|---|---|---|---|---|
| | | | | |

২৪/১২/২৫
**(কাজী গোলাম মোস্তফা)**
প্রধান প্রকৌশলী (রুটিন দায়িত্ব)
ফোন: ০২-৫৫০০৭২৪৮
ই-মেইল: ce@lged.gov.bd

অনুলিপি:

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।

D:\DIMAPP Project\Letter for e-CMS

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

আগারগাঁও, শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭

www.lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.১৪.০০১.২৩-৬২২ তারিখ: ১২/১১/২০২৫ইং

প্রতি,

নির্বাহী প্রকৌশলী (সকল)
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
জেলাঃ ......................।

বিষয়: **স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন চুক্তি ব্যবস্থাপনার ক্ষেত্রে ইলেকট্রনিক চুক্তি ব্যবস্থাপনা পদ্ধতি (e-CMS) এর ব্যবহার প্রসঙ্গে।**

সূত্রঃ এলজিইডির স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.১৪.০০১.২৩-২১৪, তারিখ: ০৪-০৯-২০২৫ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এলজিইডি'র জেলা পর্যায়ের সকল ক্রয়কারীকে ২০২৫-২০২৬ অর্থ বছরের স্বাক্ষরিত চুক্তিসমূহের মধ্যে কমপক্ষে ১০% (তবে ২০টির কম নয়) সংখ্যক চুক্তির পাওনাদি পরিশোধসহ চুক্তি ব্যবস্থাপনার যাবতীয় কার্যক্রম আবশ্যিকভাবে ইজিপি সিস্টেমে চুক্তি ব্যবস্থাপনা পদ্ধতি (e-CMS) ব্যবহারের মাধ্যমে সম্পন্ন করার নির্দেশনা প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন জেলা পর্যায়ের সকল ক্রয়কারীকে e-CMS ব্যবহারের মাধ্যমে চুক্তি ব্যবস্থাপনার অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসের ১ম সপ্তাহের মধ্যে নিম্নে উল্লিখিত ছক মোতাবেক প্রকিউরমেন্ট ইউনিট বরাবর হার্ড কপি এবং ইমেইল (procurement@lged.gov.bd) যোগে সফট কপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

**Information of Contracts Managed in e-CMS Module**

| Sl. No. | PE Name | PE Office Name | No. of contracts executed through the e-GP system in the FY: 2025-2026 | No. of contracts being managed through e-CMS | No. of payments made using e-CMS & iBASS++ System |
|---|---|---|---|---|---|
| | | | | | |

**বিঃদ্রঃ নভেম্বর, ২০২৫ মাসের প্রতিবেদনটি আগামী তিন দিনের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।**

(জাবেদ করিম) ১২/১১
প্রধান প্রকৌশলী (রুটিন দায়িত্ব)
ফোন: ০২-৫৫০০৭২৪৮
ই-মেইল: ce@lged.gov.bd

অনুলিপি:

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, বিপিপিএ, আইএমইডি, শেরেবাংলা নগর, ঢাকা।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/বিভাগ।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/অঞ্চল।
৪। প্রকল্প পরিচালক (সকল)............................................................ এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৫। উপজেলা প্রকৌশলী (সকল), এলজিইডি, ........................... উপজেলা, জেলা: ...........................।

D:\DIMAPP Project\Letter for e-CMS